

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩(সংশোধনী-২০১০) এর ১২(৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : মেসার্স জুয়েল স্টোর, প্রোগ্রাম মোঃ জুয়েল মিয়া, পিতা- আকবর আলী, মাতা-হাবিবা খাতুন, উচাখিলা রোড, জয়বাংলা মোড়, ঈশ্বরগঞ্জ, জেলাঃ ময়মনসিংহ।

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র শাখা হতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ১৯/০২/২০২৪ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা =২২,৬২,৮১৬/- (বাইশ লক্ষ বাষট্টি হাজার আটশত ষোল) টাকা মাত্র এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্তে অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত হাইপোথেক/প্লেজকৃত মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারা বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল :

জেলা-ময়মনসিংহ, উপজেলা-ঈশ্বরগঞ্জ, মৌজা-চরশিহারি, জে.এল নং-১৮৬, খারিজী খতিয়ান নং-৪৬৬, ৪৯৪।

খতিয়ান নং-			দাগ নং-			জমির শ্রেণী	জমির পরিমাণ
সি.এস	আর,ও,আর	বি.আর.এস	সি.এস	এস.এ	বি.আর.এস		
২৭৬	২৫৪	৭০	১৪০	১৪০	৩২০	বাড়ী, কান্দা	০.০৫০ একর
৫৩	০৯	১৩৮	৩৯৪	৩৯৪	৮৮৩		০.৮৭০০ একর
						মোটঃ	০.৯২০০ একর

সম্পত্তির মালিকের নাম ও ঠিকানা : ১। মোঃ জুয়েল মিয়া, পিতা-মোঃ আকবর আলী ২। মোঃ আব্দুল হালিম, পিতা- মৃত আব্দুল হাকিম, উভয় সাকিন-চরশিহারি, থানা ও উপজেলাঃ ঈশ্বরগঞ্জ, জেলাঃ ময়মনসিংহ।

দরপত্রের শর্তসমূহ :

- আগামী ০২/০৪/২৪ তারিখ বিকাল ৪ঃ০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, ময়মনসিংহ অথবা সোনালী ব্যাংক পিএলসি, ঈশ্বরগঞ্জ শাখা ময়মনসিংহে রক্ষিত দরপত্র বাস্কে জমা দিতে হইবে। ঐ দিনই ৪ঃ১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্কে খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হবে।
- দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/ সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্যে উল্লেখ করিতে হইবে।
- দরপত্র দাখিল করিবার সময় প্রজোয্য আর্নেস্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল :

আর্নেস্ট মানি/ জামানতের পরিমাণ	অবশিষ্ট মূল্যে পরিশোধের সময়সীমা
ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিনের মধ্যে
খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিনের মধ্যে
গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিনের মধ্যে

- দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্যে নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্যে পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্ত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।
- দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিষ্কার বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।
- দরপত্রদাতা এক বা একাধিক তফসিল বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।
- ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবি/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।
- দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ০৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।
- নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

(মোঃ আনোয়ারুল হক)

ম্যানেজার

মোবাইলঃ ০১৭০১-২০৯২২২